



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.ugc.gov.bd



নম্বর: ৩৭.০১.০০০০.১৩১.৪১.০১৬.২০.৪৫৯

তারিখ: ৩০ আষাঢ়, ১৪২৯
১৪ জুলাই ২০২২

প্রাপক:

রেজিস্ট্রার, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়, বসুন্ধরা, ঢাকা-১২২৯

বিষয়: **Bachelor of Social Science (BSS) in Media and Journalism (MAJ)** প্রোগ্রাম অনুমোদন প্রসঙ্গে।

জনাব,

বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ২৪(৩) ধারা মোতাবেক আপনার বিশ্ববিদ্যালয়ের School of Humanities and Social Science এর Political Science and Sociology বিভাগের অধীনে **Bachelor of Social Science (BSS) in Media and Journalism (MAJ)** প্রোগ্রামটির কারিকুলাম নিম্নোক্ত শর্তে ০৪ (চার) বছর মেয়াদের জন্য অনুমোদন প্রদান করা হলো:


- ১) ১২৯ ক্রেডিট আওয়ারস সংবলিত উক্ত প্রোগ্রামের সিলেবাস/কারিকুলামে যেকোনো ধরণের পরিবর্তনের প্রয়োজন হলে কমিশন কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে। কমিশন কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত ডিগ্রি টাইটেল-এর কোনো প্রকার পরিবর্তন করা যাবে না। প্রোগ্রামটি অবশ্যই নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়, বসুন্ধরা, ঢাকা-১২২৯ ঠিকানাস্থ ক্যাম্পাসে পরিচালনা করতে হবে, অন্য কোন ক্যাম্পাসে পরিচালনা করা যাবে না।
- ২) প্রোগ্রামটি অবশ্যই Dual Semester ভিত্তিতে পরিচালনা করতে হবে। প্রোগ্রামটিতে প্রতি সেমিস্টারে সর্বোচ্চ ৩৫ জন শিক্ষার্থী ভর্তি করা যাবে। প্রোগ্রামটিতে ভর্তির সময় প্রত্যেক শিক্ষার্থীকে কমিশন প্রণীত ইউনিক শিক্ষার্থী পরিচিতি নম্বর সৃজন সংক্রান্ত ম্যানুয়াল এর ভিত্তিতে একটি পরিচিতি নম্বর প্রদান করতে হবে এবং প্রোগ্রাম/কোর্স সম্পন্ন না হওয়া পর্যন্ত উক্ত আইডি/রেজিস্ট্রেশন নম্বর বহাল থাকবে। বিশ্ববিদ্যালয় প্রদত্ত সনদপত্র ও মার্কশীটে উক্ত আইডি/রেজিস্ট্রেশন নম্বর উল্লেখ থাকতে হবে।
- ৩) প্রোগ্রামটি ডিস্ট্যান্স লার্নিং/ সাক্ষা/ শূক্র-শনি (ইইকেড) ইত্যাদি নামে পরিচালনা করা যাবে না।
- ৪) কমিশন কর্তৃক অনুমোদিত প্রোগ্রাম/কোর্সে কোন শিক্ষার্থীকে ভর্তি করার ক্ষেত্রে কমিশন প্রণীত নির্ধারিত ভর্তির যোগ্যতা ও নীতিমালা অনুসরণ করতে হবে।
- ৫) কমিশন প্রণীত ভর্তির যোগ্যতা ও নীতিমালা অনুসরণ করে স্নাতক পর্যায়ে এ প্রোগ্রামটিতে শিক্ষার্থী ভর্তি করা যাবে।
- ৬) জিইডি (GED) ডিপ্লোমাধারী শিক্ষার্থী ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে না।
- ৭) প্রোগ্রামটি পরিচালনার জন্য কমিশনের শিক্ষক নিয়োগ নীতিমালা অনুসরণ করতে হবে। পূর্ণকালীন কোনো শিক্ষক কে কোনো সেমিস্টারে ০৪ (চার) টির বেশি কোর্স দেয়া যাবে না। পাবলিক বিশ্ববিদ্যালয়ের কোনো শিক্ষক কে খন্ডকালীন হিসেবে নিয়োগ দেয়ার ক্ষেত্রে ইউজিসি প্রণীত নীতিমালা/ নির্দেশিকা অনুসরণ করতে হবে। শিক্ষকদের ০৪ (চার) টি ধাপ (প্রভাষক, সহকারী অধ্যাপক, সহযোগী অধ্যাপক, অধ্যাপক) অনুসরণ করতে হবে এবং কমিশনের শিক্ষক নিয়োগ নীতিমালার ব্যত্যয় ঘটিয়ে কোনো শিক্ষককে নিয়োগ/ পদোন্নতি দেয়া যাবে না।
- ৮) বর্ণিত প্রোগ্রামে পাঠদানের জন্য বিদেশী শিক্ষক নিয়োগ করার প্রয়োজন হলে কমিশনের অনুমোদন/সুপারিশ গ্রহণপূর্বক সরকারের নির্দিষ্ট বিভাগ/দপ্তর থেকে ওয়ার্ক পারমিট সংগ্রহ করে কমিশন অফিসে জমা দিতে হবে।
- ৯) কমিশন কর্তৃক অনুমোদিত অভিন্ন প্রেডিং পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে। এতদসংক্রান্ত প্রতিবেদন কমিশনে প্রেরণ করতে হবে।
- ১০) লাইব্রেরিতে এই প্রোগ্রামের উপযোগী যথেষ্ট সংখ্যক রেফারেন্স বই ও জার্নাল সংগ্রহ করতে হবে এবং প্রতি বছর নতুন সংস্করণ আসলে তা লাইব্রেরিতে সংগ্রহ করতে হবে। এছাড়াও ইউজিসি ডিজিটাল লাইব্রেরির (ইউডিএল) সদস্য হতে হবে (ইতোমধ্যে হয়ে থাকলে আর প্রয়োজন হবে না)।
- ১১) অনুমোদিত কারিকুলামটি (স্বাক্ষরিত) সংরক্ষণ করতে হবে।

১২) প্রোগ্রাম অনুমোদন পত্রটি বিশ্ববিদ্যালয়ের ভর্তিচ্ছু শিক্ষার্থীদের দৃষ্টিগোচর হয় এমন স্থানে প্রদর্শনসহ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে এবং সংশ্লিষ্ট বিভাগের ওয়েব পেইজে সার্বক্ষণিক প্রকাশ করতে হবে।

১৩) কারিকুলামটি পত্র জারির তারিখ থেকে অনুমোদিত বলে গণ্য হবে এবং পরবর্তী ০৪ (চার) বছর মেয়াদের জন্য অনুমোদিত বলে গণ্য হবে। উল্লিখিত মেয়াদ শেষ হওয়ার ০৬ (ছয়) মাস পূর্বেই কারিকুলামটি পুনরায় আপডেট করে অনুমোদনের জন্য কমিশনে প্রেরণ করতে হবে।

১৪) উপরোক্ত শর্তাদির যে কোনটির ব্যত্যয় হলে কমিশন উক্ত সময়ের পূর্বে প্রোগ্রামটির অনুমোদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,



১৪-৭-২০২২

মোঃ ওমর ফারুখ

পরিচালক (বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ)

নম্বর: ৩৭.০১.০০০০.১৩১.৪১.০১৬.২০.৪৫৯/১(৫)

তারিখ: ৩০ আষাঢ় ১৪২৯

১৪ জুলাই ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) পরিচালক (ইনফরমেশন ম্যানেজমেন্ট, কমিউনিকেশন এন্ড ট্রেনিং বিভাগ) (অতিরিক্ত দায়িত্ব), ইনফরমেশন ম্যানেজমেন্ট, কমিউনিকেশন এন্ড ট্রেনিং বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ওয়েবসাইটে তথ্য update করার ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ২) পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩) সিনিয়র সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (গার্ড ফাইলে সংরক্ষণের জন্য)।
- ৫) কম্পিউটার অপারেটর, বেসরকারি বিশ্ববিদ্যালয় অনুবিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।



১৪-৭-২০২২

মোঃ শরিফুল ইসলাম

সিনিয়র সহকারী পরিচালক